**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 24 Jan. 26** **TIME: 7:35 AM**

---

কেন্দ্রীয় সরকার সরকারী ক্ষেত্রের সাধারণ বীমা কোম্পানী এবং জাতীয় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক ( নাবার্ড )-এর মঞ্জুরী সংশোধনীতে অনুমোদন জানিয়েছে । একই সঙ্গে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এবং নাবার্ডের অবসরপ্রাপ্ত কর্মচারীদের পেনশনের সংশোধনীতেও অনুমোদন জানো হয়েছে । কেন্দ্রীয় অর্থ মন্ত্রনালয় গতকাল একথা জানিয়ে বলেছে যে এর ফলে ৪৪ হাজার ৩শো ২২ জন কর্মচারী , ২৩ হাজার ৫শো ৭০ জন পেনশনার এবং ২৩ হাজার ২শো ৬০টি পেনশনভূগী পরিবার লাভবান হবে । বর্ধিত মূল্যবৃদ্ধির প্রতি লক্ষ্য রেখে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । মন্ত্রনালয় জানিয়েছে যে ২ হাজার ২২ সালের পয়লা আগষ্ট থেকে সরকারী ক্ষেত্রের সাধারণ বীমা কোম্পানীর কর্মচারীদের এই সংশোধনী কার্যকর হবে । ফলে ১৪ শতাংশ মূল বেতন এবং মহার্ঘভাতা বৃদ্ধি সহ কর্মচারীদের ১২ দশমিক ৪-১ শতাংশ মজুরী বৃদ্ধি হবে । নাবার্ড এবং ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের কর্মচারীদের সংশোধন ২ হাজার ২২ সালের পয়লা নভেম্বর থেকে কার্যকর হবে । মন্ত্রনালয় আরো জানিয়েছে যে নাবার্ডের এ , বি এবং সি গ্রেডের কর্মচারীদের প্রায় ২০ শতাংশ সংশোধন

হবে এবং ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের পেনশনারদের পেনশন ১০ শতাংশ বৃদ্ধি হবে ।

---

উত্তর-পূর্ব আঞ্চলিক উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া গতকাল ত্রিপুরায় ২৭০ কোটি টাকা ব্যয়ে পাঁচটি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করেছেন । এরমধ্যে গতকাল ৯৫ কোটি টাকা ব্যয়ে তিনটি প্রকল্পের ভিত্তিপ্রস্তর তিনি স্থাপন । উন্নত সড়ক যোগাযোগ, বিদ্যুত সুবিধার সম্প্রসারণ এবং উপজাতি ও প্রত্যন্ত এলাকার লোকেদের জীবিকা উন্নয়ন হচ্ছে এই প্রকল্পগুলির লক্ষ্য বলে ডোনার মন্ত্রী উল্লেখ করেছেন ।

---

রাজ্যের শিক্ষামন্ত্রী রণোজ পেগু গতকাল লোকনির্মাণ বিভাগ ও শিক্ষাবিভাগের আধিকারিকদের সঙ্গে এক বিশেষ বৈঠকে মিলিত হয়ে আসামের বিদ্যালয়সমূহের পরিকাঠামো শক্তিশালী করার বিষয়ে আলোচনা করেন । রাজ্যে বিভিন্ন প্রকল্পের অধীনে প্রায় তিন হাজার ২০০ কোটি ব্যয়ে ৪৮৭ টি বিদ্যালয়ের ভবন নির্মাণ করা হচ্ছে । বৈঠকে শিক্ষামন্ত্রী এই নির্মাণ কাজগুলির অগ্রগতির খোঁজ খবর নেন । বৈঠকে তিনি জানান যে ইতিমধ্যে ৫৮ টি বিদ্যালয়ের ভবনের কাজ সম্পূর্ণ হয়েছে । এই ভবনগুলির আগামী দোসরা ফেব্রুয়ারীতে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার উদ্বোধনের কথা রয়েছে বলেও ডা: পেগু জানান ।

---

সরকারী শিক্ষা ব্যাবস্থাকে শক্তিশালী করতে রাজ্য সরকার গৃহীত উদ্যোগের অংশ হিসেবে গতকাল ঐতিহ্যবাহী কাছাড় হাইস্কুলে একটি নতুন বহুতল শিক্ষা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রায় । ৭ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ে নির্মীয়মান এই ভবনটির

ভিত্তিপ্রস্তর স্থাপন করে মন্ত্রী শ্রী রায় বলেন যে আসাম সরকারের লক্ষ্য কেবল নতুন ভবন নির্মাণের মধ্যেই সীমাবদ্ধ নয় , সরকারি শিক্ষা ব্যাবস্থার প্রতি সমাজের আস্থা পুনর্গঠন করা । এই নতুন ভবনটি নির্মাণ করা হলে বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ আরো সমৃদ্ধ হবে এবং ভবিষ্যতে আরো অনেক কৃতী ছাত্র ছাত্রী বেরিয়ে আসবে বলে তিনি আশা প্রকাশ করেন । ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়স্থ ,উধারবন্দের বিধায়ক মিহির কান্তি সোম ,শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী , গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিরঞ্জন রায় সহ বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলায় আগামীকাল মূখ্যমন্ত্রীর একটি কুড়ি দুটি পাতা প্রক্লের অধীনে ১১ হাজার ৪৬৬ জন হিতাধিকারীকে ৫ হাজার টাকা করে অর্থ প্রদানের আনুষ্ঠানিক উদ্বোধন হবে । এ উপলক্ষ্যে হাইলাকান্দি বিধানসভা চক্রের জন্য উদ্বোধনী অনুষ্ঠান ধলাই চা বাগানে অনুষ্ঠিত হবে । এছাড়া আলগাপুর ও কাটলীছরা বিধানসভা চক্রের জন্য শিরিষপুর চা বাগানে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । অনুষ্ঠানস্থলে তিনসুকিয়ার ডুমডুমায় অনুষ্ঠেয় কেন্দ্রীয় কার্যসূচী থেকে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার ভাষণ বড় পর্দায় লাইভ স্ট্রিমিং করে দেখানো হবে ।

---

শ্রীভূমির জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে-জেলায় ভোটার তালিকায় নাম অর্ন্তভুক্তি সংক্রান্ত আপত্তি ও কর্তনের বিষয়ে সামাজিক মাধ্যমে প্রচারিত কিছু বিষয় জেলা প্রশাসনের নজরে এসেছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে নির্বাচন কমিশনের নির্ধারিত আইনী প্রক্রিয়া সম্পন্ন করে এবং যথাযথ যাচাই করে  কোন ভোটারের নাম কাটা বা সংশোধন করা হয় । এছাড়া সব দাবী ও আপত্তির তালিকা নিয়মিতভাবে সাপ্তাহিক ভিত্তিতে

সকল স্বীকৃত রাজনৈতিক দলের সঙ্গেও ভাগ করা হয় । জেলা প্রশাসন একটি স্বচ্ছ ,নায্য ও নিরপেক্ষ নির্বাচনী প্রক্রিয়া নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ । নির্বাচনী প্রক্রিয়া ব্যহত করার উদ্দেশ্যে কোন ধরনের অপচেষ্টা, বিভ্রান্তকর তথ্য প্রচার বা অন্য যেকোন অনিয়মের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহন করা হবে ।

---

শ্রীভূমি জেলায় এবছরও যথাযোগ্য মর্য্যাদায় আগামী ২৬শে জানুয়ারী সাধারনতন্ত্র দিবস পালন করা হবে । এবছর শ্রীভূমি শহরের সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে সকাল ৯টায় জাতীয় পতাকা উত্তোলন করা হবে । সাধারনতন্ত্র দিবসের প্যারেডে সীমান্ত সুরক্ষা বাহিনী , সরস্বতী বিদ্যানিকেতনের পাশাপাশি শ্রীভূমি জেলা পুলিশ , সি আর পি এফ , হোমগার্ড , ভারত স্কাউট ও গাইডের সদস্যরা অংশ গ্রহন করবে । এছাড়া করিমগঞ্জ সিভিল হাসপাতাল ও রেডক্রস হাসপাতাল , জেলা কারাগারের কয়েদিদের মধ্যে ফল-মিষ্টি বিতরন করা হবে । জেলার স্বাস্থ্য বিভাগের উদ্যোগে রক্তদান শিবির , বিদ্যালয় সমূহের পরিদর্শকের ব্যবস্থাপনায় লাতু মালেগড়ে ছাত্র-ছাত্রীদের প্রদর্শনীমূলক ভ্রমন , পতঞ্জলী যোগ সমিতির ব্যবস্থাপনায় শ্রীভূমি শহরে প্রভাত ফেরীর আয়োজন করা হয়েছে । দুপুর দুটোয় জেলা আয়ুক্ত একাদশ ও মিডিয়া একাদশের মধ্যে প্রদর্শনীমূলক ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হবে । সন্ধ্যা ৬টায় সরকারী কার্য্যলয়, ভবন , শিক্ষা প্রতিষ্ঠান , আধা-সরকারী প্রতিষ্ঠান , ব্যাক্তিগত ভবন , ব্যবসায়িক প্রতিষ্ঠানে আলোক সজ্জার ব্যবস্থা করা হবে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর ভ্যালি ও লায়ন্স ক্লাব অফ শিলচর লায়নেসের ব্যবস্থাপনায় আগামী ২৭শে

জানুয়ারী চাতলার হরিনটিলার বাঘমারায় বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---